

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়  
রাজশাহী বিভাগ, রাজশাহী  
(মাঠ প্রশাসন শাখা)  
www.rajshahidiv.gov.bd

স্মারক নং : ০৫.৪৩.০০০০.০১৪.২৫.০২৫.২০.১১৮৯

তারিখ: ২৬/০৮/২০২০ খ্রি.

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মোতাবেক উত্তম চর্চা (Best Practice) এর তালিকা প্রেরণ

সূত্র : এ কার্যালয়ের প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ কার্যালয়ের জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কার্ঠামো ২০২০-২০২১ এর কার্যক্রম অংশে উত্তম চর্চা (Best Practice) তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ অন্তর্ভুক্ত রয়েছে।

০২। তদপ্রেক্ষিতে, এ কার্যালয়ের জন্য একটি উত্তম চর্চা (Best Practice) তালিকা প্রণয়ন করা হয়েছে। বিষয়টি মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

উত্তম চর্চার তালিকা :

১. সকাল ৯.০০ টার মধ্যে সকল কর্মকর্তা-কর্মচারীগণের অফিসে আগমন ও ডিজিটাল হাজিরার মাধ্যমে উপস্থিতি ও প্রস্থান নিশ্চিত করা হয়েছে।
২. প্রাপ্ত অভিযোগ দ্রুত প্রতিকার এবং তথ্য অধিকার আইন অনুযায়ী দ্রুত তথ্য প্রদান নিশ্চিত করা হয়েছে।
৩. কার্যালয়ের কর্মচারীদের দক্ষতার সাথে জনসেবা দেয়ার জন্য উদ্বুদ্ধ করার লক্ষ্যে প্রতি মাসে দক্ষতার ভিত্তিতে একজন কর্মচারীকে পুরস্কার প্রদানের ব্যবস্থা নেয়া হয়েছে।
৪. কোভিড-১৯ সংক্রমণ প্রতিরোধে এ কার্যালয়ে কর্মরত কর্মকর্তা, কর্মচারী ও সেবা গ্রহীতাদের হাত জীবানুমুক্ত করে কার্যালয়ে প্রবেশের জন্য কার্যালয়ের বাইরে একটি ওয়াশ বেসিন স্থাপন করা হয়েছে।
৫. এ কার্যালয়কে ধূমপানমুক্ত ঘোষণা করা হয়েছে এবং কার্যালয়ের ৬টি স্থানে “ধূমপানমুক্ত কার্যালয়” ফেস্টুন স্থাপন করা হয়েছে।
৬. পরিবেশের প্রতি দায়বদ্ধতা ও অপচয় রোধে দাপ্তরিক কাজে আংশিক ব্যবহৃত কাগজ খসড়া প্রিন্টিং কাজে পুনঃব্যবহার নিশ্চিত করা হয়েছে।
৭. কোভিড-১৯ সংক্রমণ প্রতিরোধে এ কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীর মাস্ক ব্যবহার নিশ্চিত করা হয়েছে।
৮. বিদ্যুৎ ও পানি অপচয় রোধে অফিস ত্যাগের পূর্বে বৈদ্যুতিক সুইচ ও পানির লাইন বন্ধ নিশ্চিত করা হয়েছে।
৯. ১৭-২০ তম গ্রেডের কর্মচারীদের অফিসিয়াল পোশাক পরিধান নিশ্চিত করা হয়েছে।
১০. শাখায় পত্র প্রাপ্তির তিন দিনের মধ্যে সকল পত্র উপস্থাপন নিশ্চিত করা হয়।
১১. সেবাগ্রহীতাদের জন্য অপেক্ষাগার ও শৌচাগার সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন ও ব্যবহার উপযোগী রাখা নিশ্চিত করা হয়েছে।

মন্ত্রিপরিষদ সচিব  
মন্ত্রিপরিষদ বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

  
মো: জাকীর হোসেন  
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)  
রাজশাহী বিভাগ, রাজশাহী  
ফোন : ০৭২১-৭৭২৭৭৫(অফিস)  
e-mail: divcomrajshahi@mopa.gov.bd

দৃষ্টি আকর্ষণ :

উপসচিব  
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা